

Total Pages : 3

B.A/4th Sem (H)/BENG/23(CBCS)

2023


4th Semester Examination

BENGALI (Honours)

Paper : C 10-T

(উপন্যাস পাঠ)

[CBCS]



Full Marks : 60

Time : Three Hours

*The figures in the margin indicate full marks.  
Candidates are required to give their answers  
in their own words as far as practicable.*

বিভাগ - ক

যে কোনো দশটি প্রশ্নের উত্তর দাও। ২×১০=২০

১। কপালকুণ্ডলা উপন্যাসে মতিবিবি আর কী কী নামে পরিচিত হয়েছে?

২। পাদ পূরণ করো —

‘দুরাদয়শ্চক্রনিভস্য তদ্বীতমালতালি বনরাজি নীলা।

..... |

৩। ‘দুর্ভাগ্যবশতঃ ইনি সর্ব্বাঙ্গসুন্দরী নহেন।’ — ‘ইনি’ কে? তাঁকে ‘সর্ব্বাঙ্গসুন্দরী নহেন’ বলার কারণ কী?

P.T.O.

- ৪। 'পত্নীভাবে আর তুমি ভেবো না আমারে।' কার, কোন্ কাব্য থেকে এই উদ্ধৃতি 'কপালকুণ্ডলা' উপন্যাসে গৃহীত হয়েছে?
- ৫। 'সে কেবল কাঁদিল না!' — কে কাঁদল না? তার না কাঁদার কারণ কী?
- ৬। 'শেষের কবিতা' উপন্যাসের ৪ ও ১০ সংখ্যক অধ্যায়ের শীর্ষনাম লেখো।
- ৭। শিল্পে বেড়াতে গিয়ে অমিত কার লেখা, কোন্ বইটি পড়তেন?
- ৮। যোগমায়া দেবীর স্বামীর নাম কী ছিল? তিনি কত বছর বয়সে লোকান্তরিত হন?
- ৯। 'বিবাহে আর কোনো বাধা ছিল না', — কাদের বিবাহের কথা বলা হয়েছে? তখন পাত্রে বয়স কত হয়েছিল?
- ১০। 'মেয়েটির কণ্ঠস্বর তারই মতো নিটোল!' — অমিত-র অনুসরণে মেয়েটির কণ্ঠস্বর কেমন মনে হয়েছিল লেখো।
- ১১। 'কবি' উপন্যাসটি কাকে উৎসর্গ করা হয়েছিল? এই উপন্যাস প্রথম কোন্ পত্রিকায়, কবে প্রকাশিত হয়?
- ১২। 'চারদিক হইতে 'পেলা' পড়িতে আরম্ভ হইল' — 'পেলা' কী? কী কী 'পেলা' পড়েছিল?
- ১৩। নিতাই কবিয়ালকে কে ব্যঙ্গ করে কী নামে সম্বোধন করেছিল?
- ১৪। নিতাইয়ের বংশের উপাধি কী? তার মামার নাম লেখো।
- ১৫। 'কবি' উপন্যাসে উল্লিখিত কবিয়ালদের নাম লেখো।

- যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও। ৫×৪=২০
- ১৬। 'কপালকুণ্ডলা' উপন্যাসে রাত্রির ভূমিকা সম্বন্ধে সংক্ষেপে আলোচনা করো।
- ১৭। 'যদি জানিতাম যে, স্বীলোকের বিবাহ দাসীত্ব, তবে কদাপি বিবাহ করিতাম না!' — উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো।
- ১৮। 'তোমাদের মিলন অক্ষয় হোক। — কে বলেছেন? কাদের বলেছেন? উক্তিটির তাৎপর্য বিচার করো।
- ১৯। প্রসঙ্গ নির্দেশ করে ব্যাখ্যা করো — "জীবন এত ছোট কেনে?"
- ২০। 'কবি' উপন্যাসের বসন চরিত্রটি সংক্ষেপে আলোচনা করো।
- ২১। 'মুহূর্তে একটা কাণ্ড ঘটয়া গেল।' — কী কাণ্ড ঘটেছিল? কেন এমন কাণ্ড ঘটেছিল লেখো।
- বিভাগ - গ
- যে কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও। ১০×২=২০
- ২২। 'কপালকুণ্ডলা'-কে ক্যাবোপানাস বলা চলে কি না বিচার করো।
- ২৩। 'শেষের কবিতা' উপন্যাসে প্রতিফলিত রবীন্দ্রনাথের প্রেমভাবনার পরিচয় দাও।
- ২৪। 'কবি' উপন্যাসের নিতাই চরিত্রটি বিশ্লেষণ করে উপন্যাসিকের প্রতিপাদ্য নির্দেশ করো।
- ২৫। 'কপালকুণ্ডলা' উপন্যাসের গঠন কৌশলে কেহ গ্রীক রীতির, কেহ বা শেক্সপিয়ারীয় রীতির প্রভাব লক্ষ্য করেন। — এ বিষয়ে তোমার মতামত দাও।